Cardiovascular disease (CVD) is an umbrella term for diseases relating to the heart and blood vessels, which are one of the leading causes of death in Australia. This includes heart attacks, strokes and peripheral artery disease. Essentially, various factors cause changes to the calibre of our blood vessels, leading to narrowing or blockages, which restrict blood flow to our vital organs. This disease process becomes the cause of heart attacks or strokes. The symptoms or features which are experienced depend on the specific location of reduced blood flow (termed ischaemia). For example, chest pain or discomfort, shortness of breath, nausea and/or light-headedness may be felt with ischaemic changes to the heart. While strokes may cause sudden numbness or weakness in the face, arm, or leg, confusion, vision changes and / or severe headaches. Peripheral vascular disease may include leg pain or cramping, numbness or weakness in the legs, sores on the legs, feet, or toes that won't heal, and a change in the colour of the legs. Alarming, 1 in 4 deaths in the country can be attributed to CVD, with men accounting for 40% of these fatalities. It's crucial to recognise that visible symptoms, existing medical conditions, or a documented family history are not prerequisites for implementing preventive strategies. Often blood vessel damage accumulates throughout life well before any specific signs may show. The good news is that a significant portion of CVD is preventable by proactive lifestyle choices targeting what is known as 'modifiable' risk factors. Lifestyle optimisation may seem small but offer invaluable benefits for prioritising one of our most vital organ systems.

## Smoking Cessation

Quitting smoking is single-handedly the most beneficial impact on disease prevention. Smoking has been suggested to double the mortality rate from CVD across a 10-year timeframe. Tobacco directly affects the structure of our blood vessels and promotes plaque build-up which ultimately increases the risk of heart attacks and strokes. There is no accepted 'safe level' of smoking, whether this be cigarette or e-cigarettes. Both active and passive (i.e. second-hand smoke) forms has such negative effects, so it is important to consider the smoking behaviours of family members as well. It is best to reduce gradually instead of stopping altogether and there are various cessation programs, medications, and support groups available to help you.

## Exercise Regimens

A staggering 4 out of 5 Australians fail to meet the recommended levels of exercise. It is recommended to do either 150 minutes of moderate intensity or 75 minutes of high intensity aerobic exercise per week. The recommended frequency is at least 3 times a week as a minimum. Strength training exercises can also be included 2 days per week to improve overall fitness. It is important to be aware of the possible risks associated for individuals who are not accustomed to exercise or pre-existing medical history. It is best to see your local general practitioner for a tailored plan.

## Diet

When it comes to our diet, the salt and fat intake are the most important for monitoring. Excessive salt consumption can elevate blood pressure, while a surplus of dietary fats can contribute to plaque build-up in our arteries. Embracing elements of the Mediterranean-style diet has emerged as a promising approach to reducing the risk of CVD. This includes:

- high monounsaturated (eg olive oil) to saturated (eg fatty red meat) ratio – at least 2:1
- high intake of legumes
- high intake of fruits and vegetables
- high intake of grains and cereals
- moderate quantities of fish, white meat and low-fat dairy
- low intake of red meat, processed meat and eggs
- low intake of sweets, sweet desserts and sweet drinks.

It's important to note that adopting the Mediterranean diet doesn't necessarily mean adhering strictly to



**SABCA**  
SOUTH AUSTRALIAN BANGLADESHI COMMUNITY ASSOCIATION



its culinary traditions. Rather, it involves incorporating its guiding principles into one's own eating habits to create heart healthy eating patterns. Aim to prioritise fibre rich foods and minimise processed fats and carbohydrates. It is better to adopt cooking styles with less oil such as steaming or baked items.

### Stress

When a person experiences stress, their body releases hormones like adrenaline and cortisol, which can temporarily increase blood pressure and heart rate. Prolonged or chronic stress can lead to sustained elevation of these physiological responses, contributing to hypertension (high blood pressure), a major risk factor for CVD. Stress can also influence behaviours that affect cardiovascular health, such as overeating, poor dietary choices, physical inactivity, and smoking—all of which increase our risk. Thus, it is important to be mindful of our mental health utilise relaxation exercises, mindfulness, social support, and professional help as part of taking care of our heart health.

### Regular Check-Ups

Outside of self-monitoring, it is beneficial to engage in regular visits with your local general practitioner. People aged over 45 without already known CVD are encouraged to request a 'heart health' check from their GP. In general, regular monitoring of blood pressure, blood sugar, cholesterol and weight help further understand our overall risk. Maintaining a healthy weight and specific weight goals can also be discussed with your GP. For those who have established cardiovascular disease, it is important to stay up to date with the annual influenza vaccine.

## ভাষার জন্য বায়না

শাহ আলম

মায়ের ভাষায় বলব কথা  
ধরল ওরা বায়না।  
সালাম জাকে রফিকেরা,  
আয় ছুটে আয় না।

মায়ের জন্য আনতে ভাষা  
শহীদ হলো শফিউল।  
ভাষার জন্য জীবন দিতে  
জব্বারও করেনি ভুল।

এই ভাষাতে সুর তোলে  
লক্ষ প্রাণের কলতান  
এই ভাষাতে মিশে আছে  
বরকতেরও অবদান।

তাইতো বলি- সোনামনি  
লক্ষী আমার খোকা  
তোমার উচিত ভালমতো  
বাংলাটাকে শেখা।



## বর্ণমালা

রোজী হোসেন

আমার বর্ণমালা মিশে আছে,  
আমার রক্তের কণায়।  
বাংলা বর্ণে মালা গাঁথি,  
আমার গান আর কবিতায়।

এ যেন রিনি ঝিনি  
করে বাজে সারাক্ষণ,  
এই ভাষায় স্বপ্ন দেখি,  
কথা বলি, গল্প রচি সারাজীবন।

মা যেন দিয়েছে,  
জন্মের সাথে গেঁথে এই ভাষা।  
সারাজীবন ধরে স্মৃতির পটে,  
ভরে থাক বাংলার ভালবাসা।

মিষ্টি মধুর ছোঁয়া রয়েছে,  
আমার বাংলা মায়ের হৃদে।  
সবুজ শ্যামল বাংলার বুক,  
ভরা থাক হৃদয় মাতানো ফুলের গন্ধে।

বাংলার আকাশে বাতাসে ভরে আছে,  
শতকোটি জনতার উচ্ছ্বাস।  
প্রবাসে থেকেও আমি বাংলাকে খুঁজে,  
সুখের সন্ধানে হই উদাস।

এসো নতুন প্রজন্ম,  
মালা গাঁথি মধুময় বাংলা বর্ণমালার।  
দেশে ও প্রবাসে যুগে যুগে,  
হৃদয়ে লালিত কর বাংলা ভাষার।



**SABCA**  
SOUTH AUSTRALIAN BANGLADESHI COMMUNITY ASSOCIATION

# বৈশাখী

## ■ জুলহাস উদ্দিন



চৈত্র মাসের একেবারে শেষের দিন- আজ চৈত্র সংক্রান্তি। বেলা দুপুর। খা খা রোদদুর। তপ্ত হাওয়ায় জনজীবন অতীষ্ট। জালনার গ্রিল ধরে দাঁড়িয়ে সুমনা। উদাসী মনে তাকিয়ে বাহির পানে সে। শুকনো পাতার মরমর ধ্বনি কানে বাজে। শরীর মন কোনটাই ভালো নেই তার। কেবলই মনের কোণে ভেসে বেড়াচ্ছে বান্ধবী কেয়ার মুখ। স্কুলে এক সাথে পড়তো তারা। চমৎকার গান গাইতো, সেই সাথে নাচতও অসম্ভব সুন্দর। ক্লাস নাইনে পড়তো না পড়তেই কেন জানি তার বিয়ে হয়ে যায়। সেই থেকে আজ অবধি তার দেখা হয় নাই, কথাও হয় নাই। কোথায় আছে, কেমন আছে, স্বামী সন্তান নিয়ই বা কি করছে কিছুই জানে না সে। কেন যে সেই অল্প বয়সে তার বিয়ে হয়ে গেলো, ভাবতেই গা তার আজও শিররিয়া উঠে। নিজের থেকে কোন এক অজানা আশঙ্কায় সুমনার মন আরও বেশী খারাপ হয়ে যায়। আজকের দিনটা বুঝি তার কেবলই মন খারাপের।

পিঠে এবার কারো যেন হাল্কা হাতের ছোঁয়া টের পেলো সুমনা। পিছন ফিরে তাকাতেই দেখে স্বামী তার দাঁড়িয়ে। স্মিত হেসে সুমনাকে বলল, ‘চল আজ বিকেলে কোথাও বেড়িয়ে আসি’। সুমনা বুঝতেই দিল না যে তার মন ভালো নেই, না আছে চলার মত বিপুল শক্তি। এতো দিনের সংসার। এ দিনটি যে সুমনের বড় প্রিয়। কাল যে পহেলা বৈশাখ। অতএব বেড়িয়ে পড়লো সুমন সুমনা।

সন্তান সম্ভাবা সুমনার কষ্ট হবে জেনেও সুমন তাকে নিয়ে বেড়িয়ে পড়লো। যতটা সম্ভব স্ত্রীকে আলগে রেখে পছন্দমতো কিছু কেনাকাটাও সেরে নিলো। উভয়ের জন্য পছন্দের সব বৈশাখী পোশাক, আর সব বাহারী সব রঙের সাথে প্রয়োজনীয় তুলি। সুমনা ইলিশের কথা বললেও সুমন তা কৌশলে এড়িয়ে যায়। সুমনের ইচ্ছে পাভা ইলিশের রসনা বিলাস হবে রমনার বটমূলে বসে মাটির শানকিতে করে। এ সময় সুমনার মন সব সময় ভালো রাখার সকল প্রচেষ্টা সুমনকে যে করতেই হবে; সুমনা আর অনাগত অতিথির কথা মাথায় রেখে। সুমনের সময় এখন সুমনাকে ঘিরে।

ঘরে ফিরেই আলপনার কাজে লেগে পড়লো সুমন। যথা সম্ভব সহযোগিতার হাত বাড়িয়ে দিল সুমনা নিজেও। পুরো ঘরে যেন বৈশাখীর আমেজ। ক্যাসেটে বাজছে বৈশাখী গান ‘এসো হে বৈশাখ, এসো এসো’। সুমন নাচছে গানের তালে তালে। সুমনারও ইচ্ছে হলো স্বামীর সাথে নাচতে। ক্লান্ত শরীর সায় দিল না তাতে। মনে মনে প্রার্থনা করলো অতীতের সকল গানি ধুয়ে মুছে যেন আগামি দিনগুলো আরও সুন্দর হয় তাদের জন্য। নব বর্ষ বয়ে আনুক সবার তরে মঙ্গল বারতা। খেয়ে দেয়ে আগে ভাগেই শুয়ে পড়লো দুজনে। কাল যে সকাল সকাল উঠতে হবে। কিন্তু না, ঘুম আসছে না কারই। ঘরে বিদ্যুৎ নেই। অসহ্য গরম। অগত্যা হাত পাখা দিয়ে প্রিয়তমা স্ত্রীকে বাতাস দিতে থাকলো সুমন। কখন যেন দুজনেই ঘুমিয়ে পড়লো। ভোরের আলো ফুটতে না ফুটতেই ঘুম ভেঙ্গে গেল সুমনের। স্ত্রী তার প্রসব বেদনার অসহ্য যন্ত্রণায় বিছানায় গড়াগড়ি যাচ্ছে। কাল বিলম্ব না করে স্ত্রীকে স্থানীও এক হাসপাতালে ভর্তি করাল সে।

হাসপাতালে চলল সেবা গুস্তা। দুপুর গড়িয়ে বিকেল হয়ে এলো। তথাপি নিয়মিত দেখানো সেই গাইনি ডাক্তারের দেখা মিলে না। অবশেষে জানা গেল জরুরি প্রয়োজনে ডাক্তার তখন অন্য একটি শহরে। তবে তার ফোন আলাপের সূত্র ধরেই চলছিল চিকিৎসা সহ সব আয়োজন। স্ত্রীর অবস্থা ক্রমেই খারাপের দিকে যাচ্ছে। তার আর্ত চিৎকারে হাসপাতালের অনেকের চোখেই জল এসে গেল। তারা তাকে সৃষ্টি কর্তাকে স্মরণ করতে বললেও সেদিকে ছিল না তার কোন খেয়াল। কোন মধুর বাণীই তাকে এক দণ্ড শান্তি এনে দিতে পারলো না। সুমন শুধু অবাধ বিস্ময়ে তাকিয়ে রইলো। বিষাদের কালো ছায়া কেবলই গ্রাস করছে তাকে। কিংকর্তব্যবিমূর্ত সে। অজানা আর অনিশ্চিত ভবিষ্যতের পানে তাকিয়ে সে। মনে মনে সৃষ্টিকর্তার নাম জপছে বারংবার। শেষ বেলায় ডাক্তার এলেন। তরিরগরি সকল আনুষ্ঠানিকতা সারলেন। যাবতীয় কাগজ পত্রে সই নিলেন সুমনের। সুমনের অস্থিরতা বেড়ে গেল আরও। স্ত্রীকে নেয়া হল অপারেশন থিয়েটারে। উদ্বেগ আর উৎকর্ষার মধ্যদিয়ে সময় পেরিয়ে যাচ্ছে। অবশেষে এলো পেল সুখবর। সদ্যজাত সন্তানকে নিয়ে ডাক্তার নিজেই বের হয়ে এলেন। হাসিমুখে তুলে দিলেন বাবার কোলে। বললেন, “এ যেন বাবারই প্রতিচ্ছবি, চিন্তার কিছু নেই; মাও ভালো আছে”। এ যেন ছিল বছরের প্রথম দিনে সুমনের কাছে জীবনের এক পরম পাওয়া, সে এক অমূল্য রতন। বাবা তার নাম দিলেন বৈশাখী। বাড়িতে তখন শুরু হল অন্যরকম বৈশাখী মহা উৎসব। বৈশাখীর জন্য বৈশাখী উৎসব। সেই থেকে পহেলা বৈশাখ আর বৈশাখী যেন এক সূতায় গাঁথা সুমন আর সুমনার জীবনে।

আজও চৈত্র মাসের একেবারে শেষের দিন। এই বৈশাখে বৈশাখী পঁচিশে পা দিচ্ছে। দীর্ঘ প্রবাস জীবন তাদের। অনেক চড়াই উৎরাই পার হয়ে আজ অনেকটাই প্রতিষ্ঠার দ্বারপ্রান্তে সে। বাবা মার উচ্ছ্বাস যেন আর ধরে না। এবারের বৈশাখীর উৎসব হবে ভিন্ন আঙ্গিকে ভিন্ন এক বৈশাখী আমেজে। নিজ দেশে বৈশাখে যে ধুম ধাম চলে তা আর হয়তো এখানে মিলবেনা। একটু আফসোস থেকে যায় প্রবাসে কোন চৈত্র সংক্রান্তির মেলা হয় না বলে। তবুও আয়োজনের কমতি রাখবেনা তারা। নিজেদের জন্য চমৎকার সব পোশাক আনা হয়েছে দেশ থেকে। বাহারি মিষ্টি, নানা রকম ভর্তা আর সব রকমের খাবারের ব্যবস্থা ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। সাথে মূল আকর্ষণ পাভা ইলিশ তো আছেই। পুরো বাড়ি সাজানো হয়েছে আলপনা এবং ফুল লতা পাতা দিয়ে। বন্ধু- বান্ধবীদের নিমন্তন করা হয়েছে নিজের বাড়িতেই। উৎসব মুখোর দিনটি পালনের জন্য নেয়া হয়েছে নানাবিধ পরিকল্পনা। নাচ গান আর আবৃত্তিও থাকবে। সব শেষে বিকেলে তিন জনই চলে যাবে বৈশাখী মেলায়। এ জন্য এখন থেকেই ভীষণ উচ্ছসিত তারা।



**SABCA**  
SOUTH AUSTRALIAN BANGLADESHI COMMUNITY ASSOCIATION



রাত অধিক হয়েছে। সারাদিনের ক্লান্তি আর অবসাদ নিয়ে ঘুমাতে গেল সবাই। ঘুম থেকে উঠেই ব্যস্ত হয়ে গেল তারা। টেবিলে সাজানো হোল সব আয়োজন। সেখানে শোভা পাচ্ছে বৈশাখীর জন্য বিশেষ কায়দায় তৈরি জন্মদিনের কেক। সাজগোজ সেরে পরিবারের সবাই এখন প্রস্তুত। আগত অতিথিদের ঘিরে দাঁড়িয়ে বৈশাখী। কেক কাটার শুভক্ষণ সমাগত। সবাই উদ্ভিগ। এমন সময় সুমনার ফোন বেজে উঠলো। বাপের বাড়ি থেকে। ফোন ধরেই মা বলে এক আর্ত চিংকারে পুরো রুম প্রকম্পিত করে তুলল। বাসায় তখন পিনপতন নিরবতা। কেউ কিছু বুঝে উঠার আগেই যেন সবকিছু শেষ হয়ে গেলো সুমনার। কোথা থেকে এক বৈশাখী ঝড় এসে সবকিছু যেন তছনছ করে দিল। হাত থেকে ফোন গড়িয়ে পড়লো সুমনার। দৌড়ে এসে সুমনাকে ধরে ফেললো সুমন। সুমনা তখন অচেতন। সুমন আর বৈশাখীর চোখে তখন কেবলই জল। আর তখনই দূর অজানা থেকে ইথারে ভেসে আসছে, “আমার যা হারাবার গেছে হারিয়ে, জীবনে তাকে আর পাবো না ফিরে”।

## ঘুম বিড়ম্বনা

■ তাজ হোসেন



সরফরাজ সাহেব, চলিশোর্ধ যুবক! ঘুম নিয়ে আছেন মহা বিড়ম্বনায়! প্রকৃতি সুবোধ বালকের মত রাত নিয়ে আসে, রাত গত হলে দিন। কিন্তু সরফরাজ সাহেব প্রকৃতি নন, রক্ত-মাংসের মানুষ। প্রকৃতি অন্য সবার ঘুমের ব্যবস্থা করলেও, ব্যতিক্রম শুধু সরফরাজ সাহেবের জন্য ক্লান্তিবিনাশী ঘুম ওনার জন্য হোলি গ্রেইল! এতকিছুর পরও ওনাকে ঘুমাতে হয়, তিনি ঘুমানও বটে, তবে কতটা ঘুম তিনি ঘুমাচ্ছেন তা বুঝতে পারছেন না সংগত কারণেই! অন্য দিকে, সরফরাজ সাহেবের গিল্লী বলেন তিনি নাকি ঘুমে মাঝে মাঝে নাক ডাকেন। তিনি বোধ করেন, ঐ সময়টুকুই তাঁর প্রকৃত ঘুম, এবং তা মাঝে মাঝে ঘটে। তার মানে দাঁড়াচ্ছে অধিকাংশ সময় তিনি ঘুমিয়ে জেগে থাকেন! এ ঘুমিয়ে জেগে থাকা এক বিষম যন্ত্রনা। যারা এই ক্যাটাগরির

শুধু তারাই বুঝতে এবং বলতে পারবেন এ যন্ত্রনার পরিমাণ। এবার ঘুমিয়ে জেগে থাকলে কি কি ঘটে তার একটা লিষ্ট তৈরির চেষ্টা করেন সরফরাজ সাহেব।

লিষ্টের প্রথমই আসে যেটা সেটা হচ্ছে বার বার বিছানা হতে উঠে তাঁকে টয়লেটে যেতে হয়। আর তখনই তাঁর মনে হয় দরজা, জানালার কাঁচগুলো টেনে দেয়া আছে কি না। তবে এরই মাঝে সন্দেহের কারণে পুরো বাড়ি তাঁর একবার ঘোরা সাড়া। দ্বিতীয় যে বিষয়টি সরফরাজ সাহেব লিষ্টে এনেছেন তা হলো এ ঘুমিয়ে জেগে থাকলে প্রচন্ড পানি পিপাসা অনুভূত হলেও উঠে গিয়ে তাঁর পানি পান করা হয়না। এই ভয়ে যে, যদি এ ক্ষীণ ঘুমটাও যদি ওনার ভেংগে যায়। এখানে সরফরাজ সাহেবের জন্য করুণার বিষয় হচ্ছে তিনি জেগেই আছেন ঘুমিয়ে নন।

পরের বিষয়টি হলো, এই ঘুমিয়ে জেগে থাকলে খুব নিম্ন ফিকোয়েপির শব্দও খুব উচ্চ হয়ে যায়। সরফরাজ সাহেবের তো মনে হয় তিনি বাদুড়ের মত শ্রবন শক্তি লাভ করেন এসময়টাতে! এহেন কোন শব্দ নেই যে তিনি শুনতে পান না। সেটা বাইরের বাতাস, গাছ-পাতার বা পাখির হোক বা ঘরের ঘড়ির ডায়ালের হোক। এমন কি চুইয়ে পড়া পানির ট্যাপের শব্দও ওনার কাছে ডাম পিটানোর মত মনে হতে থাকে।

সিরিয়ালের এ পর্যায়ে যে বিষয়টি আসে তা হলো যাপিত ও অনাগত জীবন ভাবনা। এ বিষয়ভাবনার কোন লিষ্ট করা সম্ভব নয় সরফরাজ সাহেবের পক্ষে। সমাজনীতি, রাজনীতি, অর্থনীতি কি নেই তাতে! তাঁর এক বন্ধু সরফরাজ সাহেবকে পরামর্শ দিয়েছিল পরের দিনের যে কোন গুরুত্বপূর্ণ বিষয় একবার মনে মনে ডেস রিহাসাল করার উপযুক্ত সময় পূর্বের রাত। তবে তিনি ডেস রিহাসাল না করলেও নানা বিষয় নিয়ে ঘুমিয়ে জেগে থাকেন।

সরফরাজ সাহেবের লিষ্টে আরো বিষয়াদি যোগ হতে থাকে। এ ঘুমানো জেগে থাকা হতে উঠে গিয়ে বাচ্চা দুই টা ঠিক মতো ঘুমালো কিনা তা দেখা, তাদের কাথা, লেপ ঠিকঠাক করে দেয়া ইত্যাদি! আরো আছে, ইউটিলিটি বিল গুলোর পরিশোধ'র সর্বশেষ তারিখ দেখে নেয়া, মাঝে মাঝে বাইরে গিয়ে গাড়ি লক করা আছে কিনা সেটা দেখা ইত্যাদি ইত্যাদি। এই ঘুমিয়ে থেকে জেগে থাকার কাজের লিষ্টটা নিত্যনতুন যেহেতু আপডেট হয় তাই এ কাজটা বড় কঠিনও। তবুও সরফরাজ সাহেব কিছু একটা চেষ্টা করে যান লিষ্ট টা করে যাওয়ার।

ইদানীং ঘুমিয়ে জেগে থাকা থেকে পরিব্রানের একটা পথ আবিষ্কার করেছেন তিনি। আর সেটা হলো রাতের অধিকাংশ সময় জেগে থেকে শেষ রাতের দিকে ঘুমাতে যাওয়া। এই রাত জেগে থাকার জন্য ইউটিউব'র বারোয়ারী ভিডিও, অথবা অনলাইন লাইব্রেরি'র মুভি অথবা সরফরাজ সাহেবের নিজের মুভি কালেকশন হতে মুভি দেখে দেখে রাতের বেশ কিছুটা সময় পাড় করে দেয়ার জন মোক্ষম বিষয়। এভাবে রাতের শেষের দিকে বেডে গা এলিয়ে দিয়ে যে পরিমান ঘুম তিনি ঘুমান সেটা সরফরাজ সাহেবের জন্য বোনাসই কেননা আগে আগে বেডে গেলে তো তাকে জেগেই থাকতে হতো! আর এভাবেই তিনি নিজেই আবিষ্কার করে ফেলেন যে ঘুমিয়ে জেগে না থেকে জেগে থেকে ঘুমানোই উত্তম! যা সকলের জন্য সমানভাবে প্রযোজ্য না ও হতে পারে!!



**SABCA**  
SOUTH AUSTRALIAN BANGLADESHI COMMUNITY ASSOCIATION

# হারানোর কথ

■ হোমায়রা আক্তার নীলা



ছোটবেলায় পুতুলের একটি শাড়ি হারিয়েছিল সেটা খুঁজে না পেয়ে সারাদিন না খেয়ে ছিলাম আর কাঁদতে কাঁদতে চোখ দুটি ফুলিয়ে ছিলাম মনের ভেতর কেমন যেন তোলপাড় করা ঢেউ এখন মনে হলে বড্ড হাসি পায় !

এ পর্যন্ত আসতে গিয়ে কত কিছুই যে হারিলাম এরপর এই যেমন স্কুলের প্রিয় জ্যামিতি বক্স যেটাতে সুগন্ধি রাবার ছিল গোলাপী রঙ্গের আর সুন্দর দুটি নীল রঙ্গা পেন্সিল, কার্টুন আঁকা সেটির প্রতি ক্লাশের সব বন্ধুদের কত লোভ ছিল একদিন সেটিও হারিয়ে গেল, কি ভাবে জানিনা! বাসায় এসে আমার কাছে কান্না করে বলছিলাম তার কথা!

.....আর কলেজে হারিয়েছিলাম আমার প্রিয় গল্পের বই শরৎ চন্দ্রের ‘পরিনীতা’, এই বইটি যে আমি কতবার পড়েছি ইয়ত্তা নেই প্রতিটি লাইন মুখস্তই বলা চলে তারপরও যখন সেটাকে পেলাম না আমার বুকশেলফের প্রতিটি বই বের করে তন্ন তন্ন করে খুঁজেছি, কিন্তু পাইনি কোথাও সেবারও আমার অনেক কষ্ট হয়েছিল!

এক বৈশাখে তার দেয়া ফুলের মালাটা কোথায় যেনো ভীড়ে হারিয়ে গেলো টিএসসিতে এত এত মানুষের ভীড়ে খুঁজে পাওয়া মুশকিল ছিল তারপরও সেটা খুঁজে বের করেছিলাম ততক্ষণে সেটা পদদলিত হয়ে খেঁতলে গিয়েছিল কিন্তু সেটাও অতি যত্নে আমার হাতে জড়িয়ে ছিলাম সেটা হয়তো সামান্য মালা ছিল, কিন্তু তাতে যে মায়া ছিল তার জন্যই আমার ভীষণ কান্না পাচ্ছিল!

একদিন হারিলাম আমার বান্ধবীকে যে ছিল আমার প্রানের অতি কাছের

সুখ দুখের কথা তার সাথেই শেয়ার করতাম ভার্টিসিটিতে ভিত্তি প্রথম বছরেই তার বিয়ে হয়ে যায় সে চলে যায় আমাদের ছেড়ে সেই দূর পরবাসে জানতাম তার সাথে আর দেখা হবেনা আগের মতন যখন মন চায় তখন!!

তার যাবার বেলায় সেবার ছাদে শেষ আড্ডার সময় তাকে ধরে এমন কেঁদেছি যে আমি অজ্ঞান হয়ে গেছি তারপর কেটে গেছে বহু মাস, অনেকগুলো বছর ধীরে ধীরে ভুলে গেছি আমি তাকে হারানোর ব্যাথা .....

আসলে কি সব হারানোর ব্যাথা ভুলে যাওয়া যায়? হয়তো না, এই যেমন আমার বাবাকে! যাকে হারিয়েছি সেই ছোট বেলায় কই পারিনি তারে একদিনের জন্যও ভুলতে প্রতিদিনই যেনো শনি বাবার পায়ের আওয়াজ যেনো এসেই আমায় ডাকবে, আর মাথায় হাত বুলিয়ে আদর করবে নাহ! সব হারানো ভুলা যায়না!

তবে হ্যা, হয়তো হারানোর ব্যাথা সয়ে যায় সময়ের সাথে..... এইতো কিছুদিন আগেই ছাড়াছাড়ি হলো আমার ভালোবাসার মানুষটির সাথে নাহ! আমাদের কোন ঝগড়া হয়নি, মারামারি হয়নি আমরা বুঝেছি আমাদের মতের মিল নেই পরস্পরের প্রতি সম্মান হারিয়ে যাচ্ছিল একসাথে থাকা তাই কষ্টকর হয়ে গিয়েছিল আমরা সম্মানটা হারাতে চাইনি, সেটাকে অন্তত বাঁচিয়ে রাখতেই তাকে হারিলাম তবে....মাঝে মাঝে মনটা হঠাৎ কেমন করে বার বার চোখগুলো ভিজে যায় যার সাথে ছিল দশ বছরের বন্ধন সেটাই যে করেছি ছিন্ন অবশেষে অভ্যস্ত হয়ে গিয়েছিলাম যে মানুষটাকে সেই মানুষটাকে হারানোর কষ্ট ভুলে যাওয়া কি এত সোজা!?



**SABCA**  
SOUTH AUSTRALIAN BANGLADESHI COMMUNITY ASSOCIATION



# বোধোদয়

■ মারুফা গাফফার



রাজার মেয়ে নয়, রাজ পরিবারের ও নয়। সাধারণ, অতি সাধারণ ঘরের রাজকন্যার মতই আমার আগমন হয়েছিল এডেলেইড, অস্ট্রেলিয়াতে। এর পিছনে একটু কারণ ছিল। আমরা তিন বোন। আমি সবার ছোট। স্কুল শেষ করে কলেজে উঠতেই আমার বড় আপা তার দুই কন্যাকে নিয়ে গ্রীসে স্বামীর কাছে চলে যান। আমার বড় দুলাভাই তখন ওখানে সেলোনিকি ইউনিভার্সিটিতে পি এইচ ডি ডিগ্রি করছিলেন। পাকিস্তান আরকোলজিক্যাল ডিপার্টমেন্টে চাকরিরত ছিলেন তিনি তখন। সময় উনিশ উনসত্তর সাল।

আর যখন আমি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ইকনমিক্স অনাসের ছাত্রী তখন আমার মেজ বোন তার স্বামী ও একমাত্র ছেলেকে নিয়ে আমেরিকাতে পাড়ি জমালেন। আমার জামাইদা মিসিগান ইউনিভার্সিটিতে স্কলারশিপ নিয়ে এম এস করতে যান। উনি কাজ করতেন কুমিল্লা কোর্ট বারি পল্লী উন্নয়ন একাডেমীতে। তাই বিদেশে যাওয়ার জন্য আমার তেমন কোন স্বপ্ন ছিলনা। মনে হোত দুই বোন যখন গেছেন তখন আমরা যাওয়া হবে কোন এক সময়। যাইহোক তারপর অনেকটা সময় চলে গেল।

উনিশশ চুয়াত্তর সালে ডক্টরেট ডিগ্রী শেষ করে আমার বড়দুলাভাই এখানে এডেলেইড ফিলিভার্স ইউনিভার্সিটিতে চাকরি নিয়ে চলে আসেন। আর দুইএক মাসের মধ্যেই সিটিজেনসীপ সার্টিফিকেটও পেয়ে যান। উনিশশ অষ্টাশিতে আমার বড়আপা আমাদের স্পন্সরড করেন এখানে আসার জন্য আর সেই সুবাদেই আমি আমার স্বামী আমাদের দুই ছেলেকে নিয়ে ঐ বসরেই এখানে চলে আসি। যখন এডেলেইড এয়ারপোর্টে পৌঁছেলেম তখনত ভি আই পির মত রিসেপশন পেলাম। দুলাভাই ভিডিও ক্যামেরা নিয়ে তাক করে আছেন আমাদের দিকে। আপা ফুলের মালা পরিয়ে দিলেন গলায়। আমার দুই ভাগ্নি এয়ারপোর্টে আলো করে পরীর মত দাঁড়িয়ে। আহা কি শোভা এয়ারপোর্টে। তারপর এলাম আমার আপার প্রাসাদ সম ভবনে। সবাই ঢুকে পড়ল বাড়িতে পিছনের দিক দিয়ে। কিন্তু আমাদের আপা সামনের গেট দিয়ে বরন করে নিলেন আমাদের। সে দিনটা ছিল একত্রিশে ডিসেম্বর, উনিশশ অষ্টাশি।

দুপুরে টেবিল ভরা খাবার। কয়েক দিন খেতে পারিনি ভালো করে। প্লেনের খাবারের গন্ধে যেন বমি চলে আসছে। ওরা খায় আমি পারছি না। আসার পথে সিংগাপুরে দুদিন ছিলাম। হোটেলের ভাত আর টকটকে মুরগির মাংসের ঝোল নেওয়া হল। ভাবলাম হাপুস হাপুস যত পারি এবার পেট ঠেসে খেয়ে নেব। কিন্তু যেই না মুখে একবার ভাত নিয়েছি অমনি সেই অপরিচিত গন্ধ। যেন বমি চলে আসছে। পারলাম না সেই ভাত আর মুখে দিতে। অবশেষে পেট ঠেসে ফলটল খেলাম। তাই আপার টেবিলে খাবার দেখে প্রাণটা যেন জুরিয়ে গেল। কিন্তু আবার সেই ভাতটাই যেন আমাকে বিড়ে করল। সেই একই গন্ধ। যাই হোক অনেক কিছু দিন লেগেছিল আমার এই ভাতকে বশে আনতে।

সপ্তাহ খানেক চলে গেল। বেশ হেঁচকি করে কেটে গেল। আসার দুদিন পর ছোট ভাগ্নির বিয়ে ছিল। বাড়িতে লোকজনের আনাগোনা। তার উপর আমাদের জেটল্যাগ চলছে। সব মিলে কিছু উপলব্ধি করতে পারছি না আমরা কোথায় এলাম কি করছি। তারপর বাড়িটা যেন খুব শান্ত মনে হল একদিন। মনে হলো কেউ কোথাও নেই। আমি ঘর থেকে বের হয়ে দোতলার বারান্দায় গিয়ে দাঁড়ালাম। যেন এই প্রথম চোখ মেলে চাইলাম। চেয়ে দেখছি চারদিকটা। উঁচু এক পাহাড়ের উপর আপার বাড়িটা। যেন পুরো পৃথিবী টাই আমি দেখেছি। এই প্রথম আমি এ বাড়ির বারান্দায় দাঁড়িয়ে আছি। একদিকে বিশাল সমুদ্র। আর একদিকে পাহাড় আর পাহাড়। পাহাড়ের উপরেই জনবসতি চোখে পড়ে। অনেক গাছপালা দিয়ে ভরা। এত সুন্দর দৃশ্য কিছুই আমার চোখে পড়েনো যেন। ঠিক নীচেই রাস্তা। জনমানব শূন্য। কাউকে দেখি না। একটা মানুষের ও আমি দেখা পেলাম না। মনের ভিতরে এলপাখারি তান্ডব যেন শুরু হচ্ছে। সবার আগে আমার মাকে মনে পরলো।

সমুদ্রের দিকে তাকিয়ে ভাবলাম ঐ তো দেখতে পাচ্ছি সাগরের শেষ সীমা যেন। ওটা পার হলেই কি আমি মার কাছে যেতে পারব? হুহু করে উঠল বকের ভিতরটা। উথালপাতাল হতে থাকল। চোখের পানির বাঁধ ভাঙার আওয়াজ উঠলো। বকের ভিতরের সব আবেগকে, ফেলে আসা আমার মা, আমার চেনা সব গন্ধ, স্বাদ, ভালোবাসা, আমার আপন পরিবেশ সব কিছুকে যেন ভাসিয়ে নিয়ে যেতে লাগলো বানভাসি চোখের পানি। কান্নায় ভেঙ্গে পড়লাম আমি। যে গাছগুলো দেখতে পাচ্ছি ও গুলোত আম, জাম, কাঁঠাল, লিচু, পেয়ারা, নারকেলের সারি বাঁধা গাছ নয়। মনে মনে মাথা কুটছি আমি আমার মার কাছে যাব।

আমি কেঁদেই চলেছি। মাকে দুহাতে জড়িয়ে ধরতে চাই। কাঁদছি আর বাংলাদেশকে খুঁজে বেরাচ্ছি সব কিছুর মধ্যে। ফুঁপিয়ে ফুঁপিয়ে কেঁদেই চলেছি এই বারান্দার এক কোণে দাঁড়িয়ে। চোখের পানিতে আমার সোনার দেশ, আমার ভালবাসার দেশ, আমার বাংলাদেশ যেন কেমন ফিকে হয়ে আসতে লাগলো। এতই নির্জন চারিদিকে। কেউ আমাকে দেখতেও পেল না। কেউ জানলোও না কোন গভীর বেদনায় আমার বকের ভিতরটা সেদিন দুমরে মুষরে একাকার হয়ে গেছিল।



**SABCA**  
SOUTH AUSTRALIAN BANGLADESHI COMMUNITY ASSOCIATION



# “ঐত” “নববর্ষ”



**Dr Jelu Eismín**  
MBBS . FRACGP





# আমার স্মৃতিতে ১৯৭১ সনের ভয়াবহ দিনগুলো

■ রায়হান সাদ ফেরদৌসী (রুনী)



১৯৭১ সনে আমি আমার ছোট দুই বোন সহ ভারতেশ্বরী হোমস বোর্ডিং স্কুলে থেকে পড়াশোনা করতাম। আমরা আট ভাই বোন। আমাদের ছোট ভাইকে জন্ম দিয়ে আমাদের দুগুখিনী মা না ফেরার দেশে চলে যান। আঝা তখন তেজগাঁও পলিটেকনিক গার্লস স্কুলের হেডমাস্টার ছিলেন। আমাদেরকে দেখাশোনা করা আঝার পক্ষে বেশ কঠিন ছিল বলেই ভারতেশ্বরী হোমসে আমাদের তিনজনের ভর্তি হওয়া।

হোমসের নিয়মকানুন বেশ কড়া, সারাদিন বেলের ঘন্টা অনুসরণ করে চলতে হতো। ঘুম থেকে ওঠার ঘন্টা, খাবারের ঘন্টা, ডিলের ঘন্টা, ক্লাসের ঘন্টা ইত্যাদি। ১৯৭১

সালের ফেব্রুয়ারি মাসে দ্বাদশ শ্রেণীর মেয়েরা স্বাধিকার আন্দোলনের পক্ষে এবং পাকিস্তানী অপশাসনের বিরুদ্ধে (তৃতীয় থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্রীদের অংশগ্রহণে) একটি প্রতিবাদ সমাবেশ ও মিছিল করার সিদ্ধান্ত নিল।

সকাল দশটায় আবাসিক পোশাক পরিধান করে ছোট থেকে বড় সারিবদ্ধ হয়ে আমরা মাঠে জড়ো হই। দারোয়ান ভাইয়ের নিষেধ অমান্য করে উঁচু শ্রেণীর ছাত্রীরা গেট খুলে দিলেন এবং আমরা সবাই মুক্ত বিহঙ্গীর মতো দলে দলে বের হয়ে গেলাম। রোগীদের অসুবিধার কথা চিন্তা করে আমরা কুমুদিনী হাসপাতালের কাছে স্লোগান দেয়া থেকে বিরত ছিলাম। উত্তেজনা ও উদ্দীপনায় স্লোগানে প্রকম্পিত করে আমরা মির্জাপুর বাস স্ট্যান্ড ও থানার আশপাশ দিয়ে ঘুরে হোমসে ফেরত আসলাম।

আমাদের স্লোগান গুলো ছিল-

১. তোমার আমার ঠিকানা পদ্মা মেঘনা যমুনা ২. পশ্চিমাদের বুকে লাখি মারো পূর্ব বাংলা স্বাধীন কর

৩. তোমার নেতা আমার নেতা শেখ মুজিব শেখ মুজিব ৪. জ্বালো জ্বালো আগুন জ্বালো ৫. জয় বাংলা

এটাই ছিল পাকিস্তানী শাসকদের বিরুদ্ধে ভারতেশ্বরী হোমসের ছাত্রীদের প্রথম প্রতিবাদ মিছিল। এই মিছিলে ক্ষুদ্র একজন অংশগ্রহণকারী হিসেবে আমি আজও গর্ববোধ করি। নিয়ম ভঙ্গের শাস্তি আমাদের ভোগ করতে হয়নি কারণ হোমস কর্তৃপক্ষ ও স্বাধিকার ও স্বাধীনতার আন্দোলনের নীরব সমর্থক ছিল।

জনদরদী রনদা প্রসাদ সাহা ভারতেশ্বরী হোমস, কুমুদিনী হাসপাতাল ও দেবেন্দ্র কলেজের প্রতিষ্ঠাতা। তিনি সারাজীবন দেশ ও দেশের সেবা করেছেন নিঃস্বার্থভাবে। ১৯৭১ সনের ৭ই মে পাকিস্তানি বাহিনী ও তাদের দোসররা এই মহামানব এবং উনার একমাত্র ছেলে ভবানীপ্রসাদ সাহাকে ধরে নিয়ে যায়। তাদের আর কোন হৃদিস পাওয়া যায়নি। এই খবরটি আমাদের জন্য ছিল অনেক বেদনাদায়ক। এই মহামানবের প্রতিষ্ঠিত ভারতেশ্বরী হোমসের কারণেই আমরা তিন বোন আজ উচ্চশিক্ষিত এবং সু প্রতিষ্ঠিত। এই মহামানবের কাছে আমরা চির কৃতজ্ঞ। এলো ৭ই মার্চ। রেসকোর্স ময়দান (বর্তমানের সোহরাওয়ার্দী উদ্যান) থেকে বঙ্গবন্ধু বঙ্গকণ্ঠে এক ঐতিহাসিক ভাষণে বাঙালি জাতিকে যার যা আছে তা নিয়ে শত্রু মোকাবেলা করার এবং স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণ করার উদাত্ত আহ্বান জানানেন। কর্তৃপক্ষ হোমস বন্ধ ঘোষণা করলে আঝা আমাদের তিন বোনকে বাসায় নিয়ে আসলেন। হঠাৎ করে বাড়ি যাচ্ছি আমরা, তিন বোন মহা খুশি। আঝা তখন বদলি হয়ে মোহাম্মদপুর রেসিডেন্সিয়াল মডেল স্কুলে চলে এসেছেন। স্কুল ক্যাম্পাসে তিন নম্বর বিল্ডিংয়ে আঝা কোয়ার্টার (বাসা) পেয়েছিলেন।

উনিশে মার্চ আকস্মিকভাবে পাকিস্তানী সেনাবাহিনী জয়দেবপুরের ইস্টবেঙ্গল রেজিমেন্ট কে নিরস্ত্র করার জন্য আক্রমণ চালায়। এই আক্রমণকে প্রতিহত করার জন্য আপামর জনসাধারণ প্রতিরোধ গড়ে তোলে। এই সময় চারজন শহীদ হন এবং আরও অনেকে আহত হন। এটাই ছিলো মুক্তিযুদ্ধের প্রথম সশস্ত্র প্রতিরোধ।

ভূটোর প্ররোচনায় পাকিস্তানের প্রেসিডেন্ট ইয়াহিয়া খান ১৯৭০ সনের নির্বাচনের রায় না মেনে সংলাপের নামে ঢাকায় আসেন। ২৫শে মার্চ রাতে সংলাপ ভেঙে দিয়ে ইয়াহিয়া খান ইসলামাবাদে ফিরে যান। পঁচিশে মার্চ মধ্যরাতের পরে বঙ্গবন্ধুকে গ্রেফতার করে পাকিস্তানে নিয়ে যাওয়া হয়। গ্রেপ্তারের পূর্ব মুহূর্তে বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা দেন।

পাকবাহিনী ঘুমন্ত নিরস্ত্র বাঙালির উপর ঝাঁপিয়ে পড়ল। গুরু হল গোলাগুলি, অগ্নিসংযোগ। চারিদিকে দাউ দাউ করে জ্বলছে আগুন। আঝা কি করবেন ঠিক ভেবে পাচ্ছিলেন না। বাসার সব বাতি বন্ধ করে দিলেন আঝা। হঠাৎ দরজায় শব্দ। শিক্ষকদের কিছু ছেলে হাতে লাঠি, ব্যাট, হকি ষ্টিক নিয়ে দাঁড়িয়ে আছে। তারা জানালো আমরা যেন স্কুলের হল রুমে চলে যাই। কারণ রাতে সেনাবাহিনী বা তাদের দোসররা কোয়ার্টার আক্রমণ করতে পারে। আমার বড় ভাইও দরজার হাইসা নিয়ে ওদের সাথে চলে গেল। আঝাও ওকে বাধা দিলেন না। কোয়ার্টারের সবাই বাসা ছেড়ে নিচে নেমে এলো। আমরা যখন মাঠ পাড়ি দিচ্ছি তখন বেশ গোলাগুলি হচ্ছিল। আমরা মাথা নিচু করে হাঁটছিলাম। ভয়ে আতঙ্কে পা থেমে যাচ্ছিল। আঝা এক সময় আমাদের ছোট বোনকে তার ঘাড়ে তুলে নিলেন, আমরা হলে এলাম। হলে ছোট-বড় অনেক মানুষ। আমরা মাদুর বিছিয়ে শুয়ে পড়লাম, ভাইয়ারা পালা করে পাহারা দিচ্ছে হাতে লাঠি সোটা নিয়ে। রাতেই কারফিউ জারি করা হলো। ছাব্বিশে মার্চ শুক্রবার জুম্মার নামাজের জন্য ২ ঘন্টার জন্য কারফিউ শিথিল করা হলো।



**SABCA**  
SOUTH AUSTRALIAN BANGLADESHI COMMUNITY ASSOCIATION



মডেল স্কুলের মাইক্রোবাস দিয়ে যে যেখানে যেতে চায় সেখানে নামিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেয়া হলো। আব্বা নারায়ণগঞ্জে দুলাভাইয়ের বাসায় যাওয়ার সিদ্ধান্ত নিলেন কিন্তু মাইক্রোবাস আমাদেরকে সায়েদাবাদ ব্রিজের কাছে নামিয়ে দিল। কোন যানবাহন নাই প্রায় সন্ধ্যা হয়ে গেল এই অবস্থায় আমরা হেঁটে সায়েদাবাদেই আমার দুঃসম্পর্কের এক খালাতো বোনের বাসায় চলে এলাম। ওখানে জানতে পারলাম আমার বড় আপা ও দুলাভাই দুই মেয়ে সহ নারায়ণগঞ্জ থেকে নিজ বাড়ি করোটিয়া চলে গেছেন। পরিস্থিতি বোঝার জন্য আব্বা আমাদের দুই ভাইকে সাথে নিয়ে মোহাম্মদপুর মডেল স্কুল কোয়ার্টারের বাসায় যান। আমাদের পাশের ফ্ল্যাটের শিক্ষক উর্দুভাষী কলিম সাহেব আব্বাকে দেরি না করে বাসা ছেড়ে চলে যেতে পরামর্শ দেন। কারণ ওখানে নিরাপদ নয়, আব্বা ও দুই ভাই এই যাত্রায় নিরাপদে সায়েদাবাদে ফিরে আসেন। আব্বা সায়েদাবাদ থেকে আমাদের তিন বোন ও দুই ভাইকে নিয়ে করোটিয়ায় আমার বড় বোনের শ্বশুরবাড়িতে চলে আসেন।

এপ্রিলের মাঝামাঝি টিক্কা খান সাধারণ ক্ষমা ঘোষণা করেন আব্বা আমার সেজ ভাই দুলালকে সাথে নিয়ে আবারও পরিস্থিতি বোঝার উদ্দেশ্যে ও ব্যাংক থেকে টাকা তোলার কারণ দেখিয়ে ২৮ এপ্রিল ১৯৭১ সালে মোহাম্মদপুরে যান। কিন্তু আমার আব্বা ও সেজ ভাই দুলাল আর ফিরে আসেননি। আমার দুলাভাই আব্বা ও দুলালের খোঁজে মোহাম্মদপুরে যান, দেখতে পান বাসার দরজা খোলা, সবকিছু লুট হয়ে গেছে। প্রতিবেশী কলিম সাহেব জানান যে আমার আব্বাও দুলালকে মেরে ফেলা হয়েছে। কলিম সাহেব আমার আব্বাও দুলালের মৃত্যু সম্পর্কে বিস্তারিত তথ্য দিতে অপরাগতা প্রকাশ করেন। আব্বার দুলালের মৃত্যু সংবাদে দুলাভাই নির্বাক হয়ে থর থর করে কাঁপছিলেন। করিম সাহেব নিরাপত্তার জন্য তৎক্ষণাত দুলাভাইয়ের সহযাত্রী হয়ে ফিরতি বেবীট্যাক্সী করে গুলিস্তান (নারায়ণগঞ্জ বাস স্ট্যান্ড) পর্যন্ত পৌঁছে দেন।

করোটিয়ায় আপার শ্বশুরবাড়িতে তখন কোন পুরুষ মানুষ ছিল না একদিন দুইজন বাঙালি সহ তিনজন মিলিশিয়া বাড়িতে এলো চা খাবে বলে। বাজারে আঙুন দিয়ে চা দোকানসহ সব দোকান পুড়িয়ে দিয়েছে। ওই বাঙালি দুজন হয়তো জানতো মাওইমা সকালে চা পান করেন। মাওইমা বড়আপা ও উনার মেয়েকে ধান চালের মুটকিতে ঢুকিয়ে দিলেন। আমাদের তিন বোনকে খাটের নিচে শুয়ে দিলেন। ভাগ্নি তো আমাদের সাথে খাটের নিচে শুয়ে ভয়ে আতঙ্কে প্রস্রাব করে দিল, আমরা ভিজে গেলাম তরুণ ভয়ে চুপ করে ছিলাম। ওরা চা পান করে পরে চলে গেল। মাওইমা উর্দু বলতে পারতেন এবার আমরা রক্ষা পেলাম।

করোটিয়ায় এক প্রতিবেশী দম্পতি দেড় বছরের শিশুকন্যা নিয়ে বাস করত। মুক্তিযুদ্ধের আহবানে সাড়া দিয়ে সংসারের পুরুষটি মুক্তিযুদ্ধে যোগদান করে। একদিন শোনা গেল মুক্তিযোদ্ধার স্ত্রীকে মিলিটারিরা ধরে নিয়ে গেছে। কিছুদিন পর শাহাদাত কলেজে খালের পারে ওই মুক্তিযোদ্ধার স্ত্রীর বীভৎস লাশ পাওয়া গেল। মাওইমা থমকে গেলেন। উনি বুঝতে পারলেন করোটিয়া আর নিরাপদ নয় মাওইমা ওই মুক্তিযোদ্ধার শিশু কন্যা ও নিজের মেয়েকে নিয়ে উনার বড় ছেলের বাসায় ফরাশগঞ্জ চলে গেলেন। আমাদের দুলাভাই আমাদেরকে নারায়ণগঞ্জে জামতলার বাসায় নিয়ে গেলেন।

সন্ধ্যা ছয়টা থেকে সকাল ৬:০০ টা পর্যন্ত কারফিউ, রাতে ব্লাকআউট। এক রাতে বড় আপা বাচ্চার জন্য দুধ বানাতে দরজা খুলে রান্নাঘরে গেলেন, রাস্তা থেকে মিলিটারিরা ঘরের লাইট দেখে ফেলে। কিছুক্ষণ পর দরজায় লাথির শব্দ। এই- “কামলিওয়লা দরওয়াজা খোল” বড় আপা আমাদেরকে খাটের নিচে চলে যেতে বললেন। দুলাভাই দরজা খুলে দিলেন, বাচ্চা তখনো কাঁদছে দুধের জন্য। বালবটার চারিদিকে কাগজ দিয়ে পঁচানো ছিল যাতে আলো বাইরে না যায়। ওরা দুলাভাইকে ডেকে নিয়ে গেল। আমরা চার বোন অসহায়ের মত একে অপরকে জড়িয়ে ধরে কাঁদছিলাম। বড় আপা দরজা বন্ধ করে দিয়ে বাচ্চাকে ফিডারে দুধ খাওয়াতে গেলেন। প্রায় ঘন্টাখানেক পর দুলাভাই ফিরে এলেন বড় আপাকে জড়িয়ে ধরে উনি অজ্ঞান হয়ে মেঝেতে পড়ে গেলেন। দুধ বানানোর ছোট চামচ দিয়ে দুই পাটির দাঁত খোলা হলো। মুদির দোকানদারের জন্যই এই যাত্রায় দুলাভাই বেঁচে গেলেন। “দুলাভাই একজন সাচ্চা মুসলমান, উনি মুক্তি নন। এবং উনি সহসাই রাজাকার বাহিনীতে যোগ দিবেন” এইসব কথা মুদি দোকানদার বলায় মিলিটারিরা দুলাভাইকে ছেড়ে দেয়।

৯ থেকে ১০ বছরের একটি মেয়ে রোজ বাসায় দুধ দিয়ে যেত। একদিন সে মেয়েটি আসে নাই, বেলা বারোটা বেজে গেল তরুণ দেখা নাই, দুলাভাই ওদের খোঁজ নিতে গিয়ে দেখতে পেলেন নরেশদা এবং মহেশ দা মাটিতে পড়ে আছে। গরু দুটো হাম্বা হাম্বা করছে, সারা বাড়ি তছনছ। পাশেই তোলারাম কলেজের প্রিন্সিপালের বাসা। প্রিন্সিপাল জানালেন গত রাতে মা সহ মেয়েকে আর্মিরা ধরে নিয়ে গেছে। সেই রাতেই সিদ্ধান্ত নেয়া হলো জামতলায় আর নয়। আমরা আমলাপাড়া চলে এলাম। বড় আপার ননদের বাসায়। বাসাটা বড় রাস্তা থেকে একটু ভিতরে ছিল। বড় আপার ননদের বাসায় উনার দুই বাচ্চা সহ ভাসুরের মেয়ে ছিল, আমরা সবাই মিলে বেশ কয়েকজন। বাজারে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি দুর্লভ ছিলো। একদিন কেরোসিনের অভাবে শাড়ি পুড়িয়ে পানি গরম করে বাচ্চার দুধ বানানো হয়েছিল। ১৬ই ডিসেম্বর খুব ভোরে বাচ্চা উঠে দুধের জন্য কান্নাকাটি শুরু করে দিল। বড় আপা আমাকে বাচ্চাকে নিয়ে বাইরে হাঁটতে বললেন। হৈ চৈ এর শব্দ। জয় বাংলার জয়ধ্বনি কানে আসছে। কৌতূহলবশত আমি সিঁড়ি বেয়ে ছাদে উঠে দেখলাম পুকুরের পাড়ে তিনটা লাশ পড়ে আছে। ঠাক মাইক্রো ইত্যাদি যানবাহনে জয় বাংলা ধ্বনি দিয়ে মুক্তিবাহিনী জয় বার্তা পৌঁছে দিচ্ছে। সবাই ঘুম থেকে উঠে ছাদে বা রাস্তায় চলে গেল মুক্তির স্বাধ নিতে, একে অপরকে জড়িয়ে ধরে উল্লাস প্রকাশ করতে।

বড় আপা বাসা বদল করতে চাননি, যদি আব্বা ও দুলাল ফিরে এসে আমাদেরকে না খুঁজে পায়। রায়ের বাজারের বধ্যভূমিতে খুঁজেছি কিন্তু কোথাও আব্বা এবং দুলালের লাশ পাওয়া যায়নি। স্বাধীনতা প্রাপ্তির পর আমরা তিন বোন হোমসে ফেরৎ যাই। যাদেরকে আমরা হারিয়েছি তারা তো আর ফিরে আসবেন না। আমরা একটি স্বাধীন দেশ পেয়েছি। লাল সরুজের পতাকা আমাদের গর্ব, অহংকার। আসুন সবাই মিলে বাংলাদেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাই। যেখানেই থাকুন যে অবস্থায় থাকুন দেশকে ভালবাসুন এবং দেশের সঙ্গেই থাকুন।



**SABCA**  
SOUTH AUSTRALIAN BANGLADESHI COMMUNITY ASSOCIATION



# উজান গাঙের নাইয়া

লিটন

লাল সে কি রক্তের রং?

না, না তোমরা দেখনি, আমি দেখেছি

জমাট কালচে রং এর রক্ত, সে তো লাল নয় !

সে আমার পিতার রক্ত! আমার পূর্বপুরুষের রক্ত।

আর তাই, বিজয়! মুক্তিযুদ্ধ! স্বাধীনতা !

এই শব্দগুলো শুনলে, আমার বুকের ভেতরটা কেমন যেন

হাহাকার করে ওঠে, কুঁকড়ে যায় কঠিন যন্ত্রনায়।

স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পেরিয়ে

আসছে আরেকটি স্বাধীনতা দিবস।

বরাবরের মতই উৎসবমুখর হবে চারিদিক।

চলছে সাজ সাজ রব আর আনন্দ উল্লাস

উলাসরত ঐ মানুষগুলোর মুখের হাসি

উম্পা লুম্পার মত কেমন যেন পানসে!

যেন এক অব্যক্ত বেদনা বুকে লুকিয়ে রেখে

নির্মম আনন্দের হাসি হাসছে ওরা!

না কি এটা আমার দৃষ্টিভ্রম? জানি না।

কে একজন বলল,

ওভাবে না করলে তো আবার ওদের

তোমরা দেয়ালের এপাশে ঠেলে দেবে।

ঐ যে, সেই নব্য স্বাধীনতার দেয়াল !

হে আমার নতুন প্রজন্ম, আমি তোমায় বলছি .....

যদি তুমি জানতে -

একটি গাছ উপড়ে ফেললে তার কুঁড়িদের কি হয়!

যদি তুমি জানতে -

যুদ্ধোত্তর একটি পিতৃহারা শিশুর বেড়ে ওঠার গল্প!

যদি তুমি জানতে -

কতটা ঝঞ্ঝা বিক্ষুব্ধ পথ পেরোতে হয় যুদ্ধে

স্বামীহারা একটি তরুণী নারীকে !

যদি তুমি জানতে -

একজন সম্ভ্রান হারা মায়ের বুকের ব্যথা কতটা গভীরে!

তবে তুমি কি করতে জানিনা!

আমি শুধু বলতে চাই -

আঙুনে নিজের হাতটি না পুড়লে

তার যন্ত্রণাটা শুধু ভাষার মোড়ক দিয়ে

কখনোই বোঝানো যায় না।

হয়তো বলবে এ আবার নতুন কি?

এই সাতকাহন শুনে আসছি গত অর্ধ শতাব্দী ধরে!

তবে জবাব দাও, কী পেয়েছ তুমি এই অর্ধ শতাব্দীতে ?

তুমি হয়ত বলবে, “স্বাধীনতা” !!

কোথায় তোমার স্বাধীনতা ?

যেখানে তোমার জীবনের নিরাপত্তা নেই !

কোথায় তোমার স্বাধীনতা ?

যেখানে শুধুই ক্ষমতাসীনদের পূজাই তোমার কাজ !

কোথায় তোমার স্বাধীনতা ?

যেখানে তোমার ভিন্নমতের কোনই সুযোগ নেই !

কোথায় তোমার স্বাধীনতা ?

যেখানে তোমার আমার মাঝে বর্লিনের দেয়ালের

চেয়েও উঁচু এক অদৃশ্য দেয়াল তুলে দেয়া !

স্বাধীনতার স্বাধ পেলাম কি নাইবা পেলাম

তাতে আর কিইবা আসে যায়।

আমি না হয় আমার শহীদ মুক্তিযোদ্ধা পিতার

স্মৃতিটা বুকে নিয়ে পার করে দিব বাকী জীবনটা।

আর আপন মনে দাঁড় বেয়ে যাব উজান গাঙে।

## প্রথম পাসপোর্ট বৃত্তান্ত

### ■ অনিকা তাবাসসুম ইমা

আমরা যারা দেশের বাইরে থাকি, পাসপোর্ট করা নিয়ে সবারই নানা রকম বিভ্রমনার গল্প থাকে। কিন্তু আমার গল্পটা একটু ভিন্ন। আমার প্রথম পাসপোর্ট করার সময়ে একটা মজার ঘটনা ঘটেছিল। আমি তখন ইউনিভার্সিটি তে পড়ি, আম্মুকে নিয়ে পাসপোর্ট অফিস এ গিয়ে জানতে পারি কিছু ডকুমেন্ট আর ছবি এটা স্টেড করতে হবে। এখন আসেপাশে এটা স্টেড করার মানুষ কোথায় পাবো চিন্তা করতে করতে আম্মুর মনে হলো পাশেই খএজউ এর অফিস, আমার এক খালু রংপুর ব্রাঞ্চ এ আছেন কিন্তু ঢাকার অফিসেও রেগুলার আসেন। উনাকে কল করে আমরা জানতে পারলাম নজরুল ইসলাম নামে একজন অফিসার আছেন, খালু উনাকে বলে দিবেন আমরা গেলেই এটা স্টেড করে দিবেন। আমরা ওই অফিস এ গেলাম উনাকে খালুর পরিচয় দিলাম, এটা স্টেড ও করে দিলেন। আমরা পাসপোর্ট অফিস এ এসে নির্দিষ্ট লাইন এ দাঁড়ালাম। কিছুক্ষণ পর নজরুল ইসলাম কল করে আম্মুকে বললেন, "আপা আপনি আসলেন না যে, আমি একটু পর লঞ্চ এ যাবো"। আম্মু তো অবাক! আমরা সবকিছু বলার পরে উনি বললেন, "এইখানে LGRD র দুইটা বিল্ডিং, আপনি হয়তো অন্য বিল্ডিং এ চলে গিয়েছেন"। আমরা অন্য বিল্ডিং এর একই নামের মানুষের কাছে এটা স্টেড করে এসেছি। এই ঘটনার পর আমি আর আম্মু তো হাসতে হাসতে শেষ। এইটা কেমনে সম্ভব! পরে আমরা এইটাই ভাবলাম যে যেই এটা স্টেড করে দিক কাজ তো হয়ে হয়েছে।

তখন আমার বয়স কম ছিল, তাই গভীর চিন্তা করতাম না মনে হয়। এখন এই একই ঘটনা যখন মনে পরে তখন মনে হয় আমাদের রিপেস করার মানুষ অলরেডি আছে কিন্তু আমরা মাঝে মাঝে কর্মক্ষেত্রে বা বাসার কাজের ক্ষেত্রে মনে করি যে আমাদের ছাড়া চলবে না! আবার কেউ কেউ হয়তো খুব গর্ব ও করে ফেলি যে আমি প্রফেশনালি বা বাসার খুব ইম্পরট্যান্ট রোলে আছি। আসলে আপনাকে আমাকে ছাড়া সব কিছুই চলবে। তাই আমার মনে হয় একটু কাজে কর্মে আমরা যতই পারদর্শী হইনা কেন সাথে একটু বিনয়ের চর্চা থাকলে দুনিয়া আপনার পায়ে এসে পড়বে। আর আমার মা এর একটা কথা এখন খুব ভালো ভাবে অনুধাবন করি যে "ভালোবাসা দিয়ে দুনিয়া জয় করা যায়"। তাই মনে হয় আশেপাশের মানুষ আর প্রকৃতিকে আমরা যত ভালোবাসবো আর বিনয়ী হবো প্রাকৃতিক নিয়মেই এইগুলো আবার আমাদের কাছেই ডাবল হয়ে ফিরে আসবে। আমার সাথে একমত হতেও পারেন আবার নাও পারেন। চয়েস আপনার।



**SABCA**  
SOUTH AUSTRALIAN BANGLADESHI COMMUNITY ASSOCIATION





## Bangladesh Night







## Career Expo and networking for CALD Community members







Bangladesh Victory Day





## Bangladesh Victory Day







SABCA IFTAR







Cervical & Bowel Cancer awareness program for Bengali speaking communities.





# Explore the World

with Excel Travel and Tours!



Bali



New Zealand



Thailand



Singapore



Dubai

and Many More

**Beyond Destinations, We Offer You:**



Seamless Ticketing



Unforgettable Tours



Expert Guidance

**For Ticketing and Tour Services:**

✉ [info@theexceltravel.com](mailto:info@theexceltravel.com)  
🌐 [www.theexceltravel.com](http://www.theexceltravel.com)

**Message us at:**

📘 @theexceltravel  
📷 @theexceltravel  
📞 +61 406 516 909, +61 426 409 370





**SABCA is committed to developing awareness of Bangladeshi culture, language, tradition and lifestyle among our Australian friends and neighbors to build a homogeneous and harmonious multicultural Australian society. At the same time this magazine is designed to pass information to new Bangladeshi migrants, permanent or temporary residents, students and workers in South Australia.**

**[info@sabca.org.au](mailto:info@sabca.org.au) | [www.sabca.org.au](http://www.sabca.org.au)**



**20TH ANNIVERSARY**  
**SABCA**  
**SOUTH AUSTRALIAN BANGLADESHI COMMUNITY ASSOCIATION**